| | | |
|---|---|---|
| ২৬,৪৮০ টাকা পরিশোধের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে। | | |
| ২। স্বাস্থ্য বিভাগ:<br>উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, ২৬ মে, ২০২৪ খ্রি.পর্যন্ত জামালপুর সদর উপজেলায় করোনা ভ্যাকসিনের প্রথম ডোজ গ্রহণকারীর হার ৯০.০৫%, ২য় ডোজ গ্রহণকারীর হার ৯০.৯৪%, ৩য় ডোজ (বোষ্টার) গ্রহণকারীর হার ৬৬.৩২% এবং ৪র্থ ডোজ গ্রহণকারীর হার ৭.০৫%। এছাড়া ০৯টি ইউনিয়ন উপ-স্বাস্থ্য কেন্দ্রের মে/২৪ মাসে আগত সেবা গ্রহীতা রোগীর সংখ্যা মোট- ১০,৩৩৮ জন। ৬৩টি কমিউনিটি ক্লিনিকে সেবা গ্রহীতা রোগীর সংখ্যা মোট- ৩৯,৩৩০ জন। গর্ভকালীন (এএনসি) সেবা গ্রহীতা রোগীর সংখ্যা মোট-১,৮৩৬ জন এবং প্রসব পরবর্তী (পিএনসি) সেবা গ্রহীতা রোগীর সংখ্যা মোট-৪৬৮ জন। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম চলমান রয়েছে। | বিস্তারিত আলোচনান্তে সরকারি নির্দেশনা মোতাবেক আগত সকল ধরণের রোগীকে অগ্রাধিকার ভিত্তিতে সেবা প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয়। | ১। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, সদর।<br>২। সদস্য, সংশ্লিষ্ট কমিটি। |
| ৩। কৃষি বিভাগ:<br>উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে, চলমান বোরো ধানের কর্তন চুড়ান্ত পর্যায়ে আছে। দূর্যোগের আশঙ্কা থেকে অবশিষ্ট পাকা ধান দ্রুত কর্তনের পরামর্শ দেওয়া হচ্ছে। আউশ ধান ও পাট মাঠে দন্ডায়মান আছে। ইউনিয়ন পর্যায়ে পারিবারিক সবজি পুষ্টি বাগান বাস্তবায়িত হচ্ছে। এছাড়া শিক্ষা প্রতিষ্ঠান, ইউনিয়ন পরিষদ, সরকারি আশ্রয়ন প্রকল্পসহ প্রতিষ্ঠান পর্যায়েও এই সবজি পুষ্টি বাগান বাস্তবায়িত করার সুযোগ আছে। চাহিদা অনুয়ায়ী বাস্তবায়ন করা যাবে। এছাড়া বিভাগীয় অন্যান্য কাজ স্বাভাবিক নিয়মে চলছে। | মাঠ পর্যায়ে কৃষকদের ফসলের বিভিন্ন সমস্যার সমাধানসহ সরকার কর্তৃক প্রদত্ত বিভিন্ন প্রণোদনা কৃষকদের মাঝে সঠিক সময়ে পৌছে দেওয়া সহ কৃষকদের প্রয়োজনে সব ধরনের ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহিত হয়। | ১। উপজেলা কৃষি কর্মকর্তা, সদর<br>২। ইউপি চেয়ারম্যান (সকল) |
| ৪। মৎস্য বিভাগ:<br>সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় বলেন যে, গত ০৯/০৫/২০২৪খ্রি: তারিখে গাবতলী বিল ও ১৬/০৫/২৪ তারিখে ভুগলী বিলে কার্প জাতীয় মাছের রেনু মজুদ করা হয়েছে। এছাড়া দপ্তরের অন্যান্য যাবতীয় কার্যক্রম সরকারি নীতিমালার আলোকে পরিচালিত হচ্ছে। | মৎস্য বিভাগের আওতায় বিভিন্ন প্রশিক্ষণ ও অভিযান কার্যক্রম এবং বিল নির্বাচন প্রক্রিয়া সুষ্ঠুভাবে বাস্তবায়ন নিশ্চিত করতে হবে। | ১। উপজেলা মৎস্য কর্মকর্তা, সদর।<br>২। সংশ্লিষ্ট সকল। |
| ৫। প্রাণি সম্পদ বিভাগ:<br>উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা সভায় বলেন যে, উত্তরাঅঞ্চলের সীমান্তবর্তী সুবিধাবঞ্চিত ৮৬টি এলাকা এবং নদী বিধৌত চরাঞ্চল সমন্বিত প্রাণিসম্পদ উন্নয়ন প্রকল্পের আওতায় ১৭৩৮জন সুফল ভোগীকে হাঁস ও মুরগির ঘর বিতরণ কার্যক্রম চলমান আছে। পাশাপাশি এইসব সুফলভোগীদের ২০টি করে হাঁস মুরগি বিতরণ কার্যক্রম শুরু হচ্ছে। এছাড়াও ৬০০ জন ছাগল ও ভোড়া পালন সুফলভোগীদের ছাগল ভেড়ার ঘর এবং ছাগল ভোড়া বিতরণ করা হবে। এছাড়া অন্যান্য কার্যক্রম যেমন, গবাদি পশু চিকিৎসা সেবা দেওয়া হয়েছে ২,৩০৫ টি, হাঁস মুরগী ২৬,৩০০ টি, পোষা পাখি পশু-২৫ টি। কৃত্রিম প্রজনন দেওয়া হয়েছে ১,৩২৫ টি এবং খামার পরিদর্শন ও পরামর্শ প্রদান করা হয়েছে ৩৫ টি ও ফ্রি ভেটেরিনারি মেডিকেল ক্যাম্প করা হয়েছে-০২ টি। এছাড়া আশ্রয়ন প্রকল্পের মানুষের জীবন মান উন্নয়নের লক্ষ্যে প্রকল্প দাখিল করা হয়েছে। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম সুষ্ঠু ও | প্রাণি সম্পদ বিভাগের আওতায় বিভিন্ন প্রশিক্ষণ ও অভিযান কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়ন নিশ্চিত করতে হবে। | ১। উপজেলা প্রাণী সম্পদ অফিসার, সদর। |

